# আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنۢبِيَآء

আয়াতঃ ২১ : ৬৫

## আরবি মূল আয়াত:

ثُمَّ نُكِسُوا عَلَىٰ رُءُوسِهِمۡ لَقَدۡ عَلِمۡتَ مَا هَٰٓؤُلَآءِ يَنطِقُونَ ﴿٦٥﴾

## অনুবাদসমূহ:

অতঃপর তাদের মাথা অবনত হয়ে গেল এবং বলল, ‘তুমি তো জানই যে, এরা কথা বলতে পারে না’। — আল-বায়ান

তাদের মাথা হেঁট হয়ে গেল। (তখন তারা বলল) ‘তুমি তো জানই ওরা কথা বলতে পারে না।’ — তাইসিরুল

অতঃপর তাদের মাথা নত হয়ে গেল এবং তারা বললঃ তুমিতো জানই যে, এরা কথা বলেনা। — মুজিবুর রহমান

Then they reversed themselves, [saying], "You have already known that these do not speak!" — Sahih International

৬৫. তারপর তাদের মাথা নত হয়ে গেল এবং তারা বলল, তুমি তো জানই যে, এরা কথা বলে না।

-

তাফসীরে জাকারিয়া

(৬৫) অতঃপর তাদের মস্তক অবনত হয়ে গেল (এবং তারা বলল), ‘তুমি তো জানই যে, ওরা কথা বলতে পারে না।’[1]

[1] হে ইবরাহীম! তুমি আমাদেরকে কেন বলছ যে, ওদেরকে জিজ্ঞাসা কর; যদি ওরা বলতে পারে। অথচ তুমি ভালভাবেই জান যে,ওরা বলতে সক্ষম নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2548

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন